



২৬ জানুয়ারি ২০২৪

কার্যনির্বাহী পরিষদ (২০২৩-২৪)র ৫ম সভার সিদ্ধান্তসমূহ

২৬/০১/২০২৪ তারিখ শুক্রবার বেলা ০২-৩০টায় ঢাকাস্থ তথ্য ভবনের সম্মেলন কক্ষে বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কার্যনির্বাহী কমিটির পঞ্চম সভা কমিটির সভাপতি জামিল রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সাধারণ সম্পাদক শহীদ ইকবালের সঞ্চালনায় সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সভার আলোচ্যসূচি ও সিদ্ধান্তসমূহ

১. পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ
সিদ্ধান্ত : পূর্ববর্তী সভার (৭ অক্টোবর ২০২৩, রাজশাহীতে অনুষ্ঠিত) সিদ্ধান্তসমূহ ও কার্যবিবরণী পাঠের পর সর্বসম্মতভাবে নিশ্চিত করা হয়।
২. বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সাধারণ সভার তারিখ নির্ধারণ
সিদ্ধান্ত :
আগামী ০২ মার্চ শনিবার ২০২৪ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। এতে অংশগ্রহণের জন্য পূর্বের সভা (রাজশাহীতে অনুষ্ঠিত ৪র্থ কার্যনির্বাহী সভা)য় সিদ্ধান্তকৃত সদস্য-ফি সর্বসম্মতক্রমে ৫০০/- (পাঁচশত টাকা) যথাযথ বলে গৃহীত হয়। এবং আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে এ সদস্য-ফি সকলে প্রদান করবেন এবং উৎসবমুখর পরিবেশে সকল সদস্য তাতে অংশ নেবেন মর্মে আশাবাদ ব্যক্ত করা হয়।
৩. গঠনতন্ত্রের কয়েকটি ধারা ও অনুচ্ছেদ পর্যালোচনা ও সংশোধন প্রসঙ্গ
সিদ্ধান্ত :
গঠনতন্ত্র পর্যালোচনা করতে গিয়ে 'সাধারণ সদস্য'পদ বিলুপ্তির প্রসঙ্গ আলোচনায় আসে। রাজশাহী বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সকল 'সাধারণ সদস্য' ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জমাপ্রদানপূর্বক 'জীবন সদস্য' পদ লাভ করবেন। এবং এজন্য পূর্বের সকল সাধারণ সদস্যগণের সঙ্গে যোগাযোগ করে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা সংগ্রহপূর্বক এ প্রক্রিয়া সম্পন্ন করবেন। কার্যত, এখন থেকে অ্যালামনাইয়ের সকলেই 'জীবন সদস্য'রূপে পরিগণিত হবেন। 'সাধারণ সদস্য' বলে কিছু থাকবে না। সকলেই জীবন সদস্য। এটি সর্বসম্মতভাবে গৃহীত হয়। এবং এজন্য নেতৃস্থানীয় কয়েকজনকে দায়িত্ব দেওয়া হয় এই শর্তে যে, আগামী বার্ষিক সাধারণ সভার আগেই তাঁরা এ প্রক্রিয়া সম্পন্ন করে সকল সাধারণ সদস্য- 'জীবন সদস্য' হবেন এবং আগামী দ্বি-বার্ষিক সাধারণ সভায় হালনাগাদ একটি 'জীবন সদস্য' বুকলেট প্রকাশ করা হবে- সম্ভব হলে তাদের আইডি কার্ড/স্মার্ট কার্ড প্রদানের বন্দোবস্ত নেওয়া হবে।
গঠনতন্ত্র সংশোধনের ক্ষেত্রে কিছু অনুচ্ছেদ আলোচিত হয়- এক্ষেত্রে সভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ থেকে কিংবা একইরূপে সাধারণ সম্পাদক ও সভাপতি ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ থেকে নির্বাচিত হবেন। এবং সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ ছাড়া অন্য কোনো পদে নির্বাচন হবে না। ওই তিনজনই কার্যনির্বাহী পরিষদ গঠন করবেন। এ মর্মে সকলে একমত হলেও গঠনতন্ত্রের আরও কিছু অনুচ্ছেদ ও ধারা সংশোধন এবং পরিমার্জনের প্রস্তাব আসে। এছাড়া গঠনতন্ত্রে এমন ধরনের আরও কিছু ধারা ও উপধারা, অনুচ্ছেদ পূর্বাপর সংশোধনের প্রয়োজনও বলা হয়। ফলে স্মার্ট ও সুন্দর পরিমার্জিত একটি গঠনতন্ত্র দরকার বলে সকলে একমত পোষণ করেন। এ লক্ষ্যে গঠনতন্ত্র পরিমার্জন ও সংশোধন উপ-কমিটি গঠন করা হয়। কমিটির সদস্য নিম্নরূপ :

১। আপেল আবদুল্লাহ- আহ্বায়ক

- ২। জামিল রায়হান- সদস্য
- ৩। শহীদ ইকবাল- সদস্য
- ৪। ব্রাইনির ইসলাম- সদস্য
- ৫। মো. মাহবুব আলম- সদস্য-সচিব

এছাড়া বিভাগীয় শাখা কমিটি থেকে 'শাখা' শব্দটি বিলুপ্ত হবে এবং এ কমিটি হবে ২৫ জনের। এবং বিভাগীয় কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক পদাধিকারবলে কার্যনির্বাহী কমিটির সদস্য থাকবেন। ২৫ সদস্যবিশিষ্ট কমিটির প্রো-ফরমা উপর্যুক্ত উপ-কমিটি গঠনতন্ত্র পরিমার্জনের সময় সংশোধন করে আগামী বার্ষিক সাধারণ সভায় পেশ করা হবে।

৪. বাংলা বিভাগ অ্যালামনাইয়ের ফেসবুক গ্রুপের পোস্ট ও অ্যাডমিন বিষয়ক আলোচনা

সিদ্ধান্ত :

ওয়েবপেজ ও ফেসবুক গ্রুপের অ্যাডমিনের জন্য একটি নীতিমালা প্রণয়নের প্রস্তাব গৃহীত হয়। এজন্য একটি উপ-কমিটি গঠিত হয়। উপ-কমিটির সদস্য নিম্নরূপ :

- ১। মো. রবিউল আলম
- ২। সাদ্দিক কাজল
- ৩। মো. মাহবুব আলম
- ৪। রমেন রায়
- ৫। মো. রবিউল ইসলাম

এছাড়া উপদেষ্টা হিসেবে থাকবেন জনাব তারিক-উল ইসলাম।

৫. অ্যালামনাইয়ের স্যুভেনিরের অগ্রগতি পর্যালোচনা

সিদ্ধান্ত :


স্যুভেনিরের অগ্রগতি না থাকায় এর কর্মকাণ্ড স্থগিত করা হয়।

৬. বিবিধ

সিদ্ধান্ত :

আগামী বার্ষিক সাধারণ সভায় অ্যালামনাসদের লেখা বইয়ের স্টল, সমস্ত প্রকাশনার ডকুমেন্টেশন, খুলনা ও রংপুর বিভাগীয় কমিটি গঠন বিষয়ে জোর দেওয়া হয়। এ ব্যাপারে সাধারণ সম্পাদকের নেতৃত্বে আগামী ২ মার্চ ২০২৪ যে বার্ষিক 'সাধারণ সভা' আয়োজন হবে তখন এতদ্বিষয়ক দৃষ্টি যেন থাকে- এমন প্রস্তাব করা হয়। গত সাত বছরের যাবতীয় কর্মকাণ্ডের ডকুমেন্টেশন আগামী দ্বিবার্ষিক সম্মেলনে প্রদর্শনের প্রস্তাবের পাশাপাশি কবি আবুবকর সিদ্দিকের স্মরণ সভার আয়োজন এবং এর ব্রেশিয়ার ও অন্যান্য খরচের জন্য ৪৩০০০/- (তেতাল্লিশ হাজার) টাকা অনুমোদনের প্রস্তাব গৃহীত হয়।

সর্বাধিক সদস্যের উপস্থিতিতে এ আয়োজন সম্পর্কে অ্যালামনাই সভাপতি কবি জামিল রায়হান সন্তুষ্টি ও সফলতাজ্ঞাপক মন্তব্য করেন। সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে ধন্যবাদ জানিয়ে এবং আগামী বার্ষিক সভায় সকলের সঙ্গে দেখা হবার প্রত্যয় ব্যক্ত করে তিনি সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।



(শহীদ ইকবাল)

সাধারণ সম্পাদক

বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়

শহীদ ইকবাল
সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই
রাজশাহী বিশ্ববিদ্যালয়